



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২ জানুয়ারী ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষ্মীছড়ি উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমাকে গ্রেফতারের প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় নেতা ও সংগঠক সচিব চাকমা আজ ২ জানুয়ারী ২০১৭ সোমবার এক বিবৃতিতে গতকাল রাতে লক্ষ্মীছড়ি উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমাকে অস্ত্র পাওয়ার নাটক সাজিয়ে তার সরকারী বাসভবন থেকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তি দাবি করেছেন।

বিবৃতিতে তিনি উক্ত গ্রেফতারের ঘটনাকে রাষ্ট্রীয় ক্ষমতার অপব্যবহার, মৌলিক ও মানবাধিকারের চরম লঙ্ঘন এবং জনৈক সেনা কমান্ডারের উন্মত্ত প্রতিহিংসাপরায়ণতার উল্লেখ্য বহিঃপ্রকাশ আখ্যায়িত করে বলেন, ‘গত অক্টোবর মাসে কঠিন চীবর দানোৎসবে রাঙামাটির রাজবনবিহার থেকে লক্ষ্মীছড়িতে আমন্ত্রিত পূজ্য ভিক্ষুদের হয়রানির প্রতিবাদ করায় ওই সেনা কমান্ডার সুপার জ্যোতি চাকমাকে বাঘাইছড়ি উপজেলা চেয়ারম্যানের পরিণতি ভোগ করতে হবে বলে হুমকি দিয়েছিলেন এবং পরে তাকে বিভিন্নভাবে হয়রানি করেছিলেন। উল্লেখ্য, বাঘাইছড়ি উপজেলা চেয়ারম্যান বড়ঋষি চাকমাকে ইতিপূর্বে একটি মামলায় গ্রেফতার করা হয়েছিল।’

ইউপিডিএফ নেতা বলেন, ‘পার্বত্য চট্টগ্রামে সেনাবাহিনীর অন্যায় অত্যাচার সহ্যের সীমা ছাড়িয়ে গেছে। ইউপিডিএফসহ নিরীহ লোকজনকে বিনা কারণে গ্রেফতার করে তাদের বিরুদ্ধে মিথ্যা চাঁদা ও অস্ত্রবাজিসহ বিভিন্ন হয়রানিমূলক মামলা ঝুলে দেয়া বর্তমানে একটি রেওয়াজে পরিণত হয়েছে।’

তিনি বলেন, নিপীড়ন চালিয়ে পৃথিবীর ন্যায়সঙ্গত কোন আন্দোলন দমন করা যায়নি। পার্বত্য চট্টগ্রামেও গণহত্যার পর গণহত্যা, গ্রেফতার নির্যাতন চালিয়েও জুম্ম জনগণের আন্দোলন স্তব্ধ করা যায়নি, ভবিষ্যতেও যাবে না।

সচিব চাকমা সুপার জ্যোতি চাকমাকে বিনা শর্তে মুক্তি দিয়ে পার্বত্য চট্টগ্রামে অপারেশন ‘উত্তরণের’ নামে বলবৎ অঘোষিত সেনা শাসন বন্ধ করে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।